গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মেরিন একাডেমী
চট্টগ্রাম-৪২০৬

নং ১৮.৪৫৫.০০১.০০.০০৪.২০১৭ - ৬০ ৩১ জানুয়ারি ২০১৮

প্রাপক :

রোল নং :

বিষয়: **৫৪ ব্যাচে ক্যাডেট হিসেবে প্রার্থীদের একাডেমীতে ভর্তি ও প্রশিক্ষণে যোগদান সম্পর্কিত নির্দেশাবলী।**

অতীব আনন্দের সাথে আদিষ্টক্রমে জানানো যাচ্ছে যে, আপনি বাংলাদেশ মেরিন একাডেমীর ৫৪ ব্যাচে ক্যাডেট হিসেবে ভর্তি হয়েছেন। প্রশিক্ষণে যোগদানের উদ্দেশ্যে আপনাকে আগামী **১২ ফেব্রুয়ারি ২০১৮** তারিখ রোজ সোমবার সকাল ৯.০০ ঘটিকা হতে ১০.০০ ঘটিকার মধ্যে নিজ খরচ ও ব্যবস্থাপনায় চট্টগ্রামস্থ মেরিন একাডেমী পতেঙ্গা জেটিতে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। প্রোক্ত সময়ে যোগদানে ব্যর্থ হলে আপনার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২। হাল্কা নীল রংয়ের মূল আবেদন ফরম যথাযথভাবে পূরণ, "ইনডেমনিটি বন্ড" প্রদত্ত নমুনা মোতাবেক ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে এবং একাডেমীর ০২ বছর প্রশিক্ষণের সমদুয় ব্যয়ভার বহনের সামর্থ্যের সমর্থনে ৫০ (পঞ্চাশ) টাকার ষ্ট্যাম্পে পিতা/আইনানুগ অভিভাবকের অঙ্গীকারনামা জমা দিতে হবে।

৩। একাডেমীতে ০২ বছর মেয়াদী প্রাক-সমুদ্র প্রশিক্ষণে যাবতীয় কোর্স ফি, আহার, বাসস্থান, পড়াশোনা সংক্রান্ত ব্যয়, স্টেশনারী ব্যয়, পোষাক, ধোপা, নাপিত, শিক্ষা সফরসহ যাবতীয় কর্মকান্ডে সর্বমোট =৪,০৯,৩৬০/- টাকা ব্যয় হবে। এর মধ্যে ১ম বছর (জানুয়ারি-ডিসেম্বর ২০১৮) =২,২৭,৬৮০/- টাকা এবং ২য় বছর (জানুয়ারি-ডিসেম্বর ২০১৯) =১,৮১,৬৮০/- টাকা। এজন্য প্রার্থীকে মেরিন একাডেমীর সোনালী ব্যাংকে সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং সে হিসাবের মাধ্যমে যাবতীয় ফি পরিশোধ করতে হবে।

৪। ভর্তির সময় প্রদেয় ৩০,০০০/- টাকা ১ম বর্ষের ২,২৭,৬৮০/- টাকার সাথে সমন্বয় করে বাকী **১,৯৭,৬৮০/- টাকা** প্রশিক্ষণে যোগদানের দিন (১২ ফেব্রুয়ারি ২০১৮) যে কোন **সোনালী ব্যাংক থেকে কমান্ড্যান্ট, মেরিন একাডেমীর অনুকূলে সোনালী ব্যাংক, মেরিন একাডেমী শাখা, চট্টগ্রাম এর** বরাবরে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অথবা অনলাইনে একাডেমীর হিসাব নং ২০০০০০০০৯, সোনালী ব্যাংক, **মেরিন একাডেমী শাখায়** পরিশোধ করতে হবে। ২য় বর্ষের **১,৮১,৬৮০/- টাকা** ০১ জানুয়ারি ২০১৯ এর মধ্যে পরিশোধ করতে হবে।

৫। তথ্য গোপন করলে/ভুল তথ্য প্রদান করলে অথবা বিবাহিত/তালাকপ্রাপ্ত হলে আপনার একাডেমীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। আপনি পাশ করে গেলেও পরবর্তীতে যখনই প্রমাণিত হবে তখনই আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। একাডেমীতে যোগদানের পর আপনার চারিত্রিক বৈশিষ্ট্য, রাজনৈতিক প্রাক-পরিচয়, পূর্বতন পরীক্ষা পাশের তথ্য ও বৈবাহিক তথ্য তদন্তের জন্য যথাযথ পুলিশ কর্তৃপক্ষের নিকট পাঠানো হবে। তদন্তকারী কর্তৃপক্ষ যদি আপনার বিরুদ্ধে কোন প্রতিবেদন প্রদান করেন বা সরকারী চাকুরীর জন্য অযোগ্য বলে মন্তব্য করেন তাহলে আপনাকে একাডেমী হতে বহিস্কার করা হবে এবং এর বিরুদ্ধে কোন প্রকার আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৬। আপনার পিতা/ আইনানুগ ০১ জন অভিভাবক আগামী **১১ ফেব্রুয়ারি ২০১৮** তারিখ সকাল ১০.০০ ঘটিকায় একাডেমী অডিটরিয়ামে উপস্থিত হয়ে এক মতবিনিময় সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। এক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রযোজ্য হবে না।

বিশেষ দ্রষ্টব্যঃ

(ক) একাডেমীতে যোগদানের সময় আপনার পিতা-মাতা/অভিভাবকবৃন্দ বা বন্ধু-বান্ধব কেহই সঙ্গে আসতে পারবে না।

(খ) প্রত্যেক কিস্তির অর্থ অবশ্যই সময়মত যথারীতি নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। এ ব্যাপারে একাডেমী কর্তৃপক্ষ আর কোন যোগাযোগ করবে না।

(গ) প্রশিক্ষণে যোগদানের সময় সঙ্গে করে যা আনতে হবে তার একটি তালিকা এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(ঘ) দুই বৎসরের প্রশিক্ষণ সমাপ্তির পর আপনাকে চাকুরী প্রদানের ব্যাপারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার/নৌ-পরিবহন মন্ত্রণালয়/ বাংলাদেশ মেরিন একাডেমী কোন প্রকার দায়-দায়িত্ব গ্রহণ করছে না।

খালিদ মাহমুদ
প্রধান শিক্ষা কর্মকর্তা

**Khalid Mahmud**
B.Sc (Hons), M.Sc (DU), M.Sc (MET), Sweden
Chief Education Officer
Bangladesh Marine Academy, Chittagong.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম-৪২০৬

## ৫৪ ব্যাচে যোগদান

*(পুরুষ ক্যাডেটদের জন্য)*

### যে সকল দ্রব্যাদি সাথে আনতে হবে

| ক্র নং | ইউনিফরম ও দ্রব্যসামগ্রীর নাম | পরিমান |
|---|---|---|
| ১ | রুমাল (সাদা লং ক্লথ) (আকারে ৪০ সে:মি: x ৪০ সে:মি:) | ৪ টি |
| ২ | নামাজের টুপি সুতী বা পলিস্টার (কেবলমাত্র মুসলমানদের জন্য) সাদা | ১ টি |
| ৩ | সাদা স্যান্ডো গেঞ্জি (নিজের সাইজ মোতাবেক) | ৪ টি |
| ৪ | সাদা আন্ডার ওয়্যার (নিজের সাইজ মোতাবেক) | ৪ টি |
| ৫ | সেলাই সরঞ্জাম রাখার বক্স/প্লাস্টিকের ঢাকনাযুক্ত বাটি, সুই-৪টি (বিভিন্ন সাইজের), সুতা-১ বান্ডিল (ছোট), জামা প্যান্টের বোতাম-(প্রত্যেকটি ১ ডজন করে) | ১ সেট |
| ৬ | সেভিং কিট, নেইল কাটার, গোসলের শ্যাম্পু, গোসলের সাবান, পেষ্ট ও ব্রাশ | ১ সেট |
| ৭ | মুখের ক্রিম, লিপ জেল, বডি স্প্রে | সেট |
| ৮ | কম্বল (পাতলা) | ১ টি |
| ৯ | হ্যাঙ্গার (প্লাষ্টিক) | ৬ টি |
| ১০ | তালাচাবি ১ ইঞ্চি সাইজের | ১ টি |
| ১১ | ব্যাংক একাউন্টের জন্য নমিনির পিপি সাইজ ছবি (সত্যায়িত ছাড়া) | ২ টি |
| ১২ | পার্সপোর্ট আকারের ফটো | ১০ কপি |
| ১৩ | স্যান্ডেল সু (চপ্পল)-১ জোড়া, জুতার কালি ও ব্রাশ | ১ সেট |
| ১৪ | চাবি রিং | ১ টি |
| ১৫ | সকল সার্টিফিকেটের ফটোকপি (ক্যাডেটের হাতে থাকবে) | ২ সেট |
| ১৬ | প্যারালাল রুলার | ১ টি |
| ১৭ | ডিভাইডার (বড়) | ১ টি |

৩১.০৭.২০১৮
খালিদ মাহমুদ
প্রধান শিক্ষা কর্মকর্তা

Khalid Mahmud
B.Sc (Hons), M.Sc (DU), M.Sc (MET), Sweden
Chief Education Officer
Bangladesh Marine Academy, Chittagong.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম-৪২০৬

## ৫৪ ব্যাচে যোগদান

*(ফিমেল ক্যাডেটদের জন্য)*

### যে সকল দ্রব্যাদি সাথে আনতে হবে

| ক্র নং | ইউনিফরম ও দ্রব্যসামগ্রীর নাম | পরিমান |
|---|---|---|
| ১ | রুমাল (সাদা লং ক্লথ) (আকারে ৪০ সে:মি: x ৪০ সে:মি:) | ৪ টি |
| ২ | ফিমেলদের ব্যক্তিগত আন্ডার গার্মেন্টস | ৪ সেট |
| ৩ | সেলাই সরঞ্জাম রাখার বক্স/প্লাষ্টিকের ঢাকনাযুক্ত বাটি, সুই-৪টি (বিভিন্ন সাইজের), সুতা-১ বান্ডিল (ছোট), জামা প্যান্টের বোতাম-(প্রত্যেকটি ১ ডজন করে) | ১ সেট |
| ৪ | নেইল কাটার, গোসলের শ্যাম্পু, গোসলের সাবান, পেষ্ট ও ব্রাশ | সেট |
| ৫ | মুখের ক্রিম, লিপ জেল, বডি স্প্রে | সেট |
| ৬ | কম্বল (পাতলা) | ১ টি |
| ৭ | হ্যাঙ্গার (প্লাষ্টিক) | ৬ টি |
| ৮ | তালাচাবি ১ ইঞ্চি সাইজের | ১ টি |
| ৯ | ব্যাংক একাউন্টের জন্য নমিনির পিপি সাইজ ছবি (সত্যায়িত ছাড়া) | ২ টি |
| ১০ | পার্সপোর্ট আকারের ফটো | ১০ কপি |
| ১১ | স্যান্ডেল সু (চপ্পল)-১ জোড়া, জুতার কালি ও ব্রাশ | ১ সেট |
| ১২ | চাবি রিং | ১ টি |
| ১৩ | সকল সার্টিফিকেটের ফটোকপি (ক্যাডেটের হাতে থাকবে) | ২ সেট |
| ১৪ | প্যারালাল রুলার | ১ টি |
| ১৫ | ডিভাইডার (বড়) | ১ টি |

৩১.০৭.২০১৮
খালিদ মাহমুদ
প্রধান শিক্ষা কর্মকর্তা
**Khalid Mahmud**
B.Sc (Hons), M.Sc (DU), M.Sc (MET), Sweden
Chief Education Officer
Bangladesh Marine Academy, Chittagong.